


# সিনেমা ও সাহিত্য



বর্ষ ৪ ● সংখ্যা-৯ ● ৫ই মার্চ, ২০২৫ ● বিশেষ সংখ্যা ● মূল্য-২ টাকা


**১০ তম ইন্দো বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪ অনুষ্ঠিত হলো কলকাতা শ্যামবাজার সিরামঅডিটোরিয়ামে।**



১০ তম ইন্দো বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪ অনুষ্ঠিত হলো কলকাতা শ্যামবাজার সিরাম অডিটোরিয়ামে। এই উৎসবে উপস্থিত ছিলেন উদ্বোধক পদ অলংকৃত করেছেন অভিনেতা রঞ্জন ভট্টাচার্য এবং উপস্থিত ছিলেন ও এস এফ এর সি ই ও শ্রী দাস (রাজু দাস) । একই যোগে উপস্থিত সকল চলচ্চিত্র পরিচালকরা হাতে হাত মিলিয়ে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে এদিন অনুষ্ঠানের শুভ সূচনা হয়। এই চলচ্চিত্র উৎসবে মোট ৫২ টি ছবি জমা পড়েছে তার মধ্যে বাছাই করে ২৪ টি ছবির সাথে মিউজিক ভিডিও অ্যালবাম প্রদর্শিত হয়েছে। চলচ্চিত্র উৎসবের টেকনিক্যাল পার্টনার এবং ফেস্টিভ্যাল সেক্রেটারি বিশাল বিশ্বাস এর বিশেষ বার্তায় জানিয়েছেন এই দশতম চলচ্চিত্র উৎসব এবছর আমরা যেভাবে অনুষ্ঠিত করেছি আগে হয়তো সেরকমভাবে করা হয়নি এর থেকে আরও ভালো কিছু করার চেষ্টা আমরা করছি এ বছর চলচ্চিত্র উৎসবে আমরা অফলাইন এর পাশাপাশি অনলাইনের মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শন করছি যাতে দর্শক তারা ঘরে বসে মুঠোফোনে দেখতে পারে কারণ ছবি দেখার মানুষ আছে অনেক ।

## গত একুশে জানুয়ারি কলকাতা শ্যামবাজার সিরাম অডিটোরিয়ামে অনুষ্ঠিত হলো ১০ তম ইন্দো বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এর পুরস্কার প্রদান অনুষ্ঠান।



গত একুশে জানুয়ারি কলকাতা শ্যামবাজার সিরাম অডিটোরিয়ামে অনুষ্ঠিত হলো ১০ তম ইন্দো বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এর পুরস্কার প্রদান অনুষ্ঠান। উপস্থিত ছিলেন অভিনেত্রী শান্তনা বসু এবং চলচ্চিত্র অভিনেতা সঞ্জীব সরকার ও রঞ্জন ভট্টাচার্য চলচ্চিত্র পরিচালক ফাল্গুনী সান্যাল সহ চলচ্চিত্র উৎসব এর সকল বিজয়ী রা একসাথে একই মঞ্চে।

## দ্যা তন্ময় মন্ডল এন্টারটেইনমেন্ট প্রযোজিত তন্ময় মন্ডল পরিচালিত বাংলা ফিচার ফিল্ম "মন দিয়েছি আমি" এর শুটিং সমাপ্ত এর পথে।



দ্যা তন্ময় মন্ডল এন্টারটেইনমেন্ট প্রযোজিত তন্ময় মন্ডল পরিচালিত বাংলা ফিচার ফিল্ম "মন দিয়েছি আমি" এর শুটিং সমাপ্ত এর পথে। খুব তাড়াতাড়ি আসছে আপনাদের সামনে। অভিনয়ে সাম্য, প্রিয়াঙ্কা, মধুসূদন ধর, সুকান্ত পাত্র, অর্ণব কুমার গিরি, অমিত মিত্র ও অন্যান্য, ছবিটির পরিচালক ও প্রযোজক তন্ময় মন্ডল। সিনেমাটোগ্রাফার ঈশান রায় এবং ছবিটির সহযোগী প্রযোজনা করছে ঈশান মুভিজ।জমজমাট একটি হাসির মুভি দর্শক দেখতে পাবেন।

# সম্পাদকীয়

## বন্ধু

বন্ধুত্ব এমন একটি শব্দ এমন একটি ভাষা ।সেই ছোট্টবেলা থেকে যখন প্রাইমারি স্কুলে পড়াশোনা চলতো তারপরে হাই স্কুল তারপর কলেজ তারপর বন্ধুত্বের মধ্যে কোথায় যেন একটা দূরত্ব সৃষ্টি হলো কারণ কোথায় কে কখন কোন অবস্থায় থাকে তার পারিবারিক তার মানসিক পরিস্থিতির উপর নির্ভর হয় সব দেখতে দেখতে সকলে বড় হয়ে যায়। একটু ভালোবাসা কবলে পড়ে বন্ধুত্ব দূরে ঠেলে দেয় হয়তো যখন একান্তে কোন এক জায়গায় বসে থাকে কেউ তখন তার সামনে থেকে দুটি বন্ধু বা একাধিক বন্ধু যখন হেটে যায় তখন তাদের সেই ছোটবেলার স্মৃতিটুকু মনে পড়ে যায়। মনে পড়ে যায় তাদের ফেলে আসা দিনগুলো মনে পড়ে যায় তাদের শৈশবের কত না স্মৃতি। বন্ধুত্ব এমন একটা কথা হাজার ঝগড়া ঝামেলা হওয়ার পরেও বন্ধুত্ব কখনো নষ্ট হয় না। যদিও বা হয়ে যায় যখন নিজেকে একান্তে অনেক ভাবনা চিন্তার পরে মনে হয় আজকে ঝামেলাটা না করলেই ভালো হতো।

আবার এরকম হয়েছে কোন বন্ধুকে কোন একজন খুব অপমান করেছে সেই অপমানের প্রতিশোধ নিতে গিয়ে তার আরেক বন্ধু অপমানের প্রতিশোধ নেওয়ার জন্য। আবার এরকম হয়েছে কোন কাজের ক্ষেত্রে নিজের পাবলিসিটি নিজের নাম যশ বাড়ানোর জন্য বন্ধুত্ব করা বন্ধুত্ব করা তার স্বার্থের জন্য তার নাম যশ পাওয়ার পর সেই বন্ধুত্বকে পেছন থেকে ছুরি মারা। এটা বন্ধুত্ব নয়, এটা বন্ধু বেশে শত্রু।

তাই এমন বন্ধু থাকুক যে বন্ধু সুখে-দুখে সব সময় পাশে থাকবে এমন বন্ধু থাকুক যে বন্ধু ভালো পথ দেখাবে খারাপ পথ থেকে তাকে টেনে নিয়ে বলতে পারে এখানে যাস না এই পথ খুব বাজে।

তাই বন্ধুত্বের পথ কখনো শেষ হবে না বন্ধুত্ব চলতেই থাকবে ।

**বিখ্যাত প্রত্নতাত্ত্বিক এবং পদ্মশ্রী পুরষ্কারপ্রাপ্ত কে.কে. মুহাম্মদ গত ২৮শে জানুয়ারি ২০২৫ তাঁর আত্মজীবনী "এক ভারতীয়'র আত্মকথা" (An Indian I Am) এর বাংলা অনুবাদ পুস্তক প্রকাশ করেছেন গোলপার্কের রামকৃষ্ণ মিশনে।**



বিখ্যাত প্রত্নতাত্ত্বিক এবং পদ্মশ্রী পুরষ্কারপ্রাপ্ত কে.কে. মুহাম্মদ গত ২৮শে জানুয়ারি ২০২৫ তাঁর আত্মজীবনী "এক ভারতীয়'র আত্মকথা" (An Indian I Am) এর বাংলা অনুবাদ পুস্তক প্রকাশ করেছেন গোলপার্কের রামকৃষ্ণ মিশনে। রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারের সচিব স্বামী সুপর্ণানন্দ মহারাজ, বিখ্যাত প্রত্নতাত্ত্বিক শ্রী পার্থ প্রতিম বোস, আন্তর্জাতিক বেদান্ত সোসাইটির যুগ্ম সাধারণ সম্পাদক স্বামী প্রহলাদানন্দ পুরী এবং শ্রী অভিষেক দাস চৌধুরীর উপস্থিতিতে বইটি প্রকাশ করা হয়। বইটি অনুবাদ করেছেন শ্রী পার্থ প্রতিম বোস, শ্রী অভিষেক দাস চৌধুরী এবং শ্রী দিব্বান গুহ এবং "ধৃ" কর্তৃক প্রকাশিত।

গোলপার্কের রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারে কে কে মুহাম্মদের আত্মজীবনী "এক ভারতীয়'র আত্মকথা" এর বাংলা অনুবাদের উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত শ্রোতাদের সাথে মিঃ কে কে মুহাম্মদের একটি মনোমুগ্ধকর আলাপচারিতা অনুষ্ঠিত হয়।এরপর "ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতির প্রত্নতত্ত্ব ও সংরক্ষণ" শীর্ষক একটি বক্তৃতা পরিবেশন করেন মিঃ কে কে মুহাম্মদ।

## Osf প্রযোজিত বাংলা নতুন টেলিফিল্ম নিয়ে আসতে চলেছে,



সারা বছর osf বিভিন্ন কাজ দর্শকদের উপহার দেয়, শর্টফিল্ম, টেলিফিল্ম, গানের অ্যালবাম, ফটোশুট, ফ্যাশন শো, অ্যাওয়ার্ড শো, চলচ্চিত্র উৎসব। বছর শেষের আগে সম্পূর্ণ পারিবারিক অন্য স্বাদের গল্প নিয়ে খড়দহ কান্তিদেবী পান্ডের বাড়িতে 'মিত্র বাড়ি'র শুটিং হলো।নতুন বছরে চমক নিয়ে আসতে চলেছে osf, টিভির পর্দায় osf প্রযোজিত ধারাবাহিক আসবে।

এই টেলিফিল্ম-এর কাহিনী,চিত্রনাট্য সংলাপ ও পরিচালনায় ছিলেন শ্রী দাস। চিত্রগ্রহণ- চন্দন দেবনাথ। সৃজনশীল পরিচালনায়-সুদীপ নাগ ও প্রলয় সেনগুপ্ত। সম্পাদনা বিশাল বিশ্বাস। অভিনয়ে মানিক সিংহ,বিজলি সরকার,সুজিত, সুজয় পান্ডে,সবুজ,চন্দনা রায়,তাথৈ,মৌ,অভিষেক,পারমিতা।







## ওম স্বস্তি ফিল্মস প্রযোজিত, সুদীপ নাগ এর পরিচালনায় পয়লা মার্চ থেকে প্রতি শনিবার ও রবিবার দাস এন্ড কোম্পানি একটি টকশো শুরু হতে চলেছে।






ওম স্বস্তি ফিল্মস প্রযোজিত, সুদীপ নাগ এর পরিচালনায় পয়লা মার্চ থেকে প্রতি শনিবার ও রবিবার দাস এন্ড কোম্পানি একটি টকশো শুরু হতে চলেছে। এই শো এ দেখা যাবে বিভিন্ন নামি অনামি শিল্পীদের তাদের নিজস্ব মনের কথা তাদের মুখ থেকে শুনবেন শ্রী দাস এক্সেকিউটিভ প্রডিউসার চান্দ্রিয়া বন্দ্যোপাধ্যায়, ক্যামেরায় মানষ, ও মানব রূপসজ্জা শতাব্দি, কারিগরি সহায়তা ও সম্পাদনা বিশাল বিশ্বাস।



Osf আয়োজিত ১৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হল কলকাতাতে । ওএসএফের সকল সদস্য একি ফ্রেমে সাথে অভিনেত্রী শান্তনা বসু, অভিনেতা সঞ্জীব সরকার ,চলচ্চিত্র পরিচালক ফাল্গুনী সান্যাল, অভিনেতা রঞ্জন ভট্টাচার্য, chandriya , অভিনেতা মডেল সবুজ।

সুজয় ও ক্যালেন্ডার শুটে অংশগ্রহণ সমস্ত মডেলরা একই ফ্রেমে

## ওম স্বস্তি ফিল্মস আরো একটি অভিনব টকশো প্রযোজনা করতে চলেছে। দাস & company এই টকশোয়ে দেখা যাবে সমাজের সকল গুণী মানুষদের কে তারা তাদের মনের কথা বলতে পারবে সরাসরি।



ওম স্বস্তি ফিল্মস আরো একটি অভিনব টকশো প্রযোজনা করতে চলেছে। দাস & company এই টকশোয়ে দেখা যাবে সমাজের সকল গুণী মানুষদের কে তারা তাদের মনের কথা বলতে পারবে সরাসরি।

মার্চ মাসের ১ তারিখ থেকে প্রতি শনিবার ও রবিবার রাত ন'টায় শুধুমাত্র ফ্রেন্ডস টিভির পর্দায় দেখা যাবে । সঞ্চালনায় শ্রীদাস

এদিন এই টক শো এর অফিসিয়াল পোস্টার মুক্তি পায় এই অনুষ্ঠান উপস্থিত ছিলেন অভিনেতা সঞ্জীব সরকার, ফাল্গুনি সান্যাল, রঞ্জন ভট্টাচার্য ,ফ্রেন্ডস টিভির সিইও চান্দ্রিয়া ভট্টাচার্য ,সংগীত পরিচালক প্রতীক কর্মকার ও ও এস এফ এর সিইও ও সঞ্চালক শ্রী দাস ।

প্রত্যেককে এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন




## ওম স্বস্তি ফিল্মস এর ১৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হলো কলকাতা শ্যামবাজার সিরাম অডিটোরিয়ামে।



ওম স্বস্তি ফিল্মস এর ১৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হলো কলকাতা শ্যামবাজার সিরাম অডিটোরিয়ামে।

এই অনুষ্ঠান মঞ্চে ১০ তম ইন্দো বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের পুরস্কার প্রদান এবং ইংরেজি নববর্ষের ক্যালেন্ডার প্রকাশ অনুষ্ঠান অনুষ্ঠিত হলো। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রবীণ চলচ্চিত্র পরিচালক ফাল্গুনী সান্যাল, অভিনেত্রী সান্তনা বসু, অভিনেতা সঞ্জীব সরকার ও রঞ্জন ভট্টাচার্য, এবং ফ্রেন্ডস টিভির সিইও , সংগীত পরিচালক প্রতীক কর্মকার, ও ও এস এফ এর সিইও শ্রী দাস। ও প্রোডাকশন হাউসের সকল সদস্য এবং নির্বাচিত চলচ্চিত্র পরিচালকরা।সকলের কথাতেই ওঠে এলো যে ও এস এফ এর যে উদ্যোগ সেই উদ্যোগকে সকলেই স্বাগত এবং সাধুবাদ জানিয়েছে এখানে অনেক নবীন প্রবীণ চলচ্চিত্র নির্মাতা অনেক শিল্প-সাংস্কৃতিক এর সাথে জড়িত সকলেই উপস্থিত ছিল এই অনুষ্ঠানে।







Publisher :FSFL MAGAZINE Published from BARASAT,and Printed form Mantradnp
Owner: Sree DAS ( Raju) ,Graphics Editor :Bishal Biswas,N/92, Ekdil Sha Road, Barasat, Kolkata-7000125, Contact No. : 8013183765 / 9674933641 l Email :- cinemasahitto@gmail.com